

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা  
(বোর্ড প্রশাসন-১)  
[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)

নথি নং-৬(৫)বোঃপ্রঃ-১/০৫(অংশ-১)/ ৫৬৫ (১০)

তারিখঃ ০৭ আশ্বিন, ১৪২৬  
২২ সেপ্টেম্বর, ২০১৯


বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ড ও অধিনস্থ দপ্তরসমূহে কর্মরত কম্পিউটার অপারেটরগণের নিয়োগবিধি ২০১৯ অনুযায়ী সহকারী প্রোগ্রামার পদে পদোন্নতির নিমিত্তে **Standard Aptitude test** গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড ও অধিনস্থ দপ্তরসমূহে কর্মরত কম্পিউটার অপারেটরগণের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, শেরে বাংলা নগর, ঢাকা কর্তৃক "কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী **Standard Aptitude test** গ্রহণ করা হবে।

০২। উক্ত **Standard Aptitude test** এ যে সকল কম্পিউটার অপারেটরগণের চাকুরী অনূন্য ৭(সাত) বছর এবং শিক্ষাগত যোগ্যতা স্নাতক ডিগ্রি, চাকুরী স্থায়ীকরণ করা হয়েছে ও High Level Language বিষয়ক প্রশিক্ষণ রয়েছে এবং সহকারী প্রোগ্রামার পদে পদোন্নতি নিতে ইচ্ছুক শুধুমাত্র তাদেরকেই **Standard Aptitude test** এ অংশগ্রহণ করার জন্য আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, যে সকল কম্পিউটার অপারেটরগণ **Standard Aptitude test** এ অংশগ্রহণ করবেন তারা পরবর্তীতে সহকারী রাজস্ব কর্মকর্তা/কর পরিদর্শক পদে পদোন্নতি জন্য বিবেচিত হবেন না।

০৩। **Standard Aptitude test** এ অংশগ্রহণের বিষয়টি আগামী ৭(সাত) কার্যদিবস অর্থাৎ ০২/১০/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১) বরবার নামের তালিকা (হার্ডকপি ও সফট কপি) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

  
(মোঃ শামসুদ্দীন)

দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)

ফোন-৪৮৩১৮১২০-২৬ (এক্স-৩৭১)

ই-মেইল # [nbrba1@gmail.com](mailto:nbrba1@gmail.com).

বিতরণঃ

- ১। কমিশনার, শুল্ক ভবন, (সকল)।
- ২। কমিশনার, শুল্ক আবগারী ও ভ্যাট কমিশনারেট (সকল)।
- ৩। কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ৪। কর কমিশনার, কর অঞ্চল (সকল)।
- ৫। কর কমিশনার, কর আপীল অঞ্চল (সকল)।
- ৬। কমিশনার, বৃহৎ করাদাতা ইউনিট (কর/মুসক)।
- ৭। কমিশনার, শুল্ক আবগারী ও ভ্যাট (আপীল), চট্টগ্রাম।
- ৮। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ৯। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।
- ১০। জনাব আনতারা আনিকা পিয়া, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১১। নোটিশ বোর্ড, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্বাক্ষর  
ম. (প্রোগ্রামার)  
K.M. Talukder  
২২-০৯-২০১৯